# Relation between Values Education and Good Governance

# মূল্যবোধের শিক্ষা এবং সুশাসন এর সম্পর্ক

- মূল্যবোধের শিক্ষা সামাজিক ন্যায়বিচার ও শৃঙ্খলাবোধের উন্মেষ ঘটাতে সাহায্য করে যা সুশাসনের বৈশিষ্ট্য ও প্রয়োজনীয় উপাদান। মূল্যবোধের এ দুটো উপাদানের অনুপস্থিতিতে সুশাসন প্রতিষ্ঠা অসম্ভব হয়ে পড়ে।
- আইনের শাসন মূল্যবোধের একটি উপাদান। আইনের শাসন ছাড়া সুশাসন প্রতিষ্ঠা অসম্ভব। মূল্যবোধের শিক্ষার মাধ্যমে আইনের শাসন প্রতিষ্ঠা করা সম্ভব যা সুশাসন প্রতিষ্ঠায় অন্যতম বড় নিয়ামক হিসেবে কাজ করে।
- মূল্যবোধের শিক্ষা মানুষের নৈতিক গুণাবলী জাগ্রত ও বিকশিত করতে সাহায্য করে। আবার নৈতিক মূল্যবোধ ছাড়া সুশাসন প্রতিষ্ঠা সম্ভব নয়।
- সমাজ জীবনকে পরিচালনার জন্য মূল্যবোধের শিক্ষা দরকার যা দ্বারা সুশাসন প্রতিষ্ঠা করা যায়
- মূল্যবোধের শিক্ষা মানুষকে কর্তব্যবোধ শিখায় যা ছাড়া সুশাসন প্রতিষ্ঠা কষ্টকর
- জবাবদিহিতা ও দায়বদ্ধতা দুটোই মূল্যবোধের উপাদান ও সুশাসনের বৈশিষ্ট্য
- সরকার ও রাষ্ট্রের জনকল্যাণমুখীতা, মূল্যবোধ ও সুশাসনের উপাদান

# General Perception of Values Education and Good Governance

# মূল্যবোধের শিক্ষা

**মূল্যবোধের শিক্ষাঃ** (শিক্ষা ও কার্যক্রমের সুবিস্তৃত বিস্তারকে বোঝায়)

- অভ্যাস ও আচরণের সঠিক উন্নতি
- সামাজিক রীতিনীতির ব্যাপার যা নৈতিকভাবে মানুষ মানতে বাধ্য
- মূল্যবোধ ও তার শিক্ষা স্থান কাল পাত্রভেদে ভিন্ন হয়
- মূল্যবোধের চর্চা সমাজের একই চর্চা অবলম্বন করার জনগোষ্ঠীকে একত্রে আবদ্ধ রাখে
- শাস্তি দেয়া যায় না
- এ প্রক্রিয়ার মাধ্যমে লোকে অন্যকে মূল্যবোধ প্রদান করে
- যেকোনো জায়গায় এ শিক্ষা পাওয়া যেতে পারে
- স্থানান্তরিত হয়
- মূল্যবোধের শিক্ষা চরিত্র, নৈতিক উন্নতি, ধর্মীয় শিক্ষা এগুলোর উপর নির্ভরশীল

# মূল্যবোধের শিক্ষা

**সুশাসনঃ** (আধুনিক ধারণা)

- জনগণের অংশগ্রহণমূলক আইনের শাসন ও অবাধ তথ্যপ্রবাহের সাথে জনগণের উন্নত সেবা পাওয়ার অধিকার
- ২000 সালে বিশ্বব্যাংক **৪ টি স্তম্ভের কথা** উল্লেখ করে-

১. দায়িত্বশীলতা
২. আইনের কাঠামো
৩. স্বচ্ছতা
৪. অংশগ্রহণ

# জাতীয় উন্নয়নে মূল্যবোধের শিক্ষার প্রভাব

- মানুষের সামগ্রিক প্রবৃদ্ধি উন্নয়ন
- দৃষ্টিভঙ্গির উন্নয়ন
- সামাজিক বিবেকসম্পন্ন শ্রেণী তৈরিতে সাহায্য করে
- শিক্ষার গুনগত মান উন্নয়ন
- পরিবার, জাতি, সমাজ ও পৃথিবীর মধ্যে একে অন্যের নির্ভরতা বোধ উপলব্ধি
- রাষ্ট্রের নাগরিক হিসেবে রাষ্ট্রের প্রতি কর্তব্য পালনে উদ্বুদ্ধ করে
- শিশু ও সমাজের ভারসাম্য তৈরি
- অবক্ষয় সম্পর্কে জানায়
- মানুষের সফলতার নোঙ্গর হিসেবে কাজ করে

# জাতীয় উন্নয়নে সুশাসনের প্রভাব

- জাতীয় জীবনে সমৃদ্ধি আনা
- বিশৃঙ্খলা ও নাগরিক অধিকার আদায়ের প্রতিবন্ধকতা দূরীকরণ
- আইনের শাসন প্রতিষ্ঠা
- সামাজিক সম্প্রীতি গড়ে তোলা
- রাজনৈতিক স্থিতিশীলতা বজায়
- গণতান্ত্রিক রাষ্ট্রের নিশ্চয়তা প্রদান
- সরকার ভালো মন্দ বিচারের পথ
- দুর্নীতির বিরুদ্ধে প্রতিরোধ
- আন্তর্জাতিক সম্পর্ক উন্নয়নে নির্দেশনা প্রদান
- শাসক, শাসিত ও সুশীল সমাজের মধ্যে সুসম্পর্ক গড়া
- স্থানীয় ও স্থানীয় স্বায়ত্তশাসিত সরকার শক্তিশালী করা
- আমলাতান্ত্রিক জটিলতা নিরসন এ ভূমিকা
- জাতির সুশৃঙ্খল উন্নয়ন সম্ভব করা

# How the Elements of Good Governance and Values Education can be Established in the Society in a Given Social Context

# সামাজিক উন্নয়নে মূল্যবোধের শিক্ষার প্রভাব

- সমাজের বৃহত্তর ক্ষেত্রে যোগাযোগ করে; যেমনঃ পারিবারিক সম্পর্কের বিস্তৃতি, গণমাধ্যম ও কর্মসংস্থান
- সবার সাথে সামাজিকীকরণ এর মাধ্যমে
- মানুষের বেড়ে ওঠার সময় এর অভ্যাস আত্মস্থকরণ করে (বিধিনিষেধ, আদেশ পরিবার ও বন্ধুদের চেনা পরিচয়
- ইতিবাচক চিন্তা করা
- আত্মিক শান্তি আবিষ্কার করা
- সহাবস্থানের শিক্ষা লাভ করা
- মানব মর্যাদা কে সম্মান করা
- সত্যবাদিতার শিক্ষা প্রদান করা
- বুদ্ধিবৃত্তিক চিন্তার উন্নতি করা
- সম্প্রদায়ের শান্তি প্রতিষ্ঠা করা
- পারস্পারিক সম্পর্ক রক্ষা করা
- উদাহরণ আদর্শের দ্বারা শিক্ষা প্রদান করা
- সমস্যা সমাধানের শিক্ষার মাধ্যমে মূল্যবোধের শিক্ষা দেয়া
- চিন্তার স্বাধীনতা ও বাছাইয়ের ক্ষমতা প্রদান
- মূল্যবোধের শিক্ষা অন্তরে পোষণ ও মূল্যবোধ কে পুরস্কৃত করা
- মূল্যবোধ প্রতিষ্ঠার জন্য সামাজিক আন্দোলন গড়ে তোলা
- জীবনের সর্বক্ষেত্রে মূল্যবোধের চর্চা করা

# সামাজিক উন্নয়নে সুশাসনের প্রভাব

- সংবিধানের মৌলিক অধিকারের সন্নিবেশ করা
- মিডিয়া ও সংবাদমাধ্যমের ওপর সরকারি হস্তক্ষেপের অবসান ঘটানো
- সহিংসতা দূর ও রাজনৈতিক স্থিতিশীলতা প্রতিষ্ঠা করা
- জবাবদিহিতা ও দায়বদ্ধতা নীতি প্রতিষ্ঠা করা
- স্বচ্ছ প্রশাসন গড়ে তোলা
- নৈতিক মূল্যবোধ জাগ্রত করা
- আইনের শাসন প্রতিষ্ঠা
- বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিতকরণ
- দুর্নীতি দমনে কার্যকর ব্যবস্থা গ্রহণ
- কার্যকর ও সার্বভৌম আইনসভা প্রতিষ্ঠা
- দারিদ্র্য দূরীকরণের সময় উপযোগী কর্মপন্থা নির্ধারণ ও প্রয়োগ
- জনসচেতনতা বৃদ্ধিতে যথাযথ পদক্ষেপ গ্রহণ
- স্থানীয় সরকার কাঠামো শক্তিশালীকরণে উদ্যোগ গ্রহণ
- সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধি ও প্রসার ঘটানো
- জনস্বার্থকে প্রাধান্য দেয়া

# Importance of Values Education and Good Governance

# মূল্যবোধের শিক্ষার উপকারিতা

- মানুষের অন্যতম প্রয়োজন ন্যায় বিচারের মধ্যে পার্থক্য করা
- মূল্যবোধের শিক্ষা মানুষের মধ্যে নৈতিকতাবোধের বিকাশ ঘটায় যা মানুষকে ন্যায়বিচারের চিত্রের মধ্যে পার্থক্য করতে শিখায় যার ফলে ব্যক্তির নিজের ভালো মন্দ বোঝার চেষ্টা করে
- সামাজিক ন্যায়বিচার (যা গণতান্ত্রিক শাসনব্যবস্থায় অন্যতম রক্ষাকবচ) প্রতিষ্ঠা করে
- মানুষের মানবিক মূল্যবোধকে সমাজ জীবনে উন্নতি ও প্রগতির পথে নিয়ে যেতে মূল্যবোধের শিক্ষা মানুষকে শৃঙ্খলা বোধের শিক্ষা দেয়
- মূল্যবোধের শিক্ষার প্রভাবে মানুষ সৃজনশীলতা ও সহমর্মিতা শিক্ষা লাভ করে যা সমাজের ভিত্তি সুন্দর করে, উত্তেজনা প্রশমিত কর, সুখী ও সুন্দর সমাজ গঠনে সাহায্য করে
- মূল্যবোধের শিক্ষা শ্রমের মর্যাদা কে মূল্যবোধ দ্বারা প্রতিষ্ঠিত করে সামাজিক অগ্রগতি ত্বরান্বিত করে
- মূল্যবোধের শিক্ষা মানুষের সচেতনতা ও কর্তব্যবোধ জাগ্রত করে যা তাদেরকে যোগ্য প্রার্থী নির্বাচনে সাহায্য করে
- আইনের শাসন মূল্যবোধের একটি গুরুত্বপূর্ণ উপাদান যা প্রকাশিত হলে সমাজে ও রাষ্ট্রে সুশাসন বিরাজ করে
- মূল্যবোধের উপস্থিতি সরকার ও রাষ্ট্রকে জনকল্যাণমুখী করে
- জবাবদিহিতা ও দায়বদ্ধতা মূল্যবোধের উপাদান, মূল্যবোধের উপস্থিতিতে রাষ্ট্রের জবাবদিহিতা ও দায়বদ্ধতা সৃষ্টি হয় যা সুশাসনের জন্য অপরিহার্য

# সুশাসনের উপকারিতা

- সমাজ ও রাষ্ট্রে বিশৃঙ্খলা দূর করতে সাহায্য করে
- সামাজিক সম্প্রীতি গড়ে তোলে
- জাতীয় পর্যায়ের রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রাখে
- গণতান্ত্রিক রাষ্ট্রের নিশ্চয়তা প্রদান করে
- রাষ্ট্রের শাসক শাসিত ও সুশীল সমাজের মধ্যে সম্পর্ক প্রতিষ্ঠা করে
- জাতীয় জীবনের সমৃদ্ধি আনয়ন করে
- নাগরিক অধিকারকে অধিক গুরুত্ব দেয়
- দুর্নীতির বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলে
- আইনের শাসন প্রতিষ্ঠা জনগণকে সিদ্ধান্ত গ্রহণে সম্পৃক্ত করে
- ক্ষমতার স্বতন্ত্রীকরণ ও জাতীয় সংসদের ক্ষমতা বৃদ্ধি পায়
- জাতীয় উন্নতিকে বাধামুক্ত রাখতে সহায়তা করে
- আমলাতান্ত্রিক জটিলতা নিরসন
- জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠার সম্ভব

# Harm Effects of Absence of Values Education and Good Governance

# মূল্যবোধের শিক্ষার অভাবজনিত ফল

- ব্যক্তিজীবনে বিশৃঙ্খলতা দেখা যায় যা সমাজ ও রাষ্ট্রে বিশৃঙ্খলতা সৃষ্টি করে
- সমাজে অস্থিরতা দেখা যায়
- তরুণ সমাজের মাঝে দেখা দেয় নৈতিকতার অবক্ষয় ফলে দেশের মূল্যবান জনশক্তি তরুণ সমাজ দেশ ও জাতির মঙ্গলের জন্য কোন অবদান রাখতে পারে না
- আইনের শাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে বাধা হিসেবে কাজ করে
- মানুষের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে উদাসীন হয়ে যায় এবং তারা তাদের দায়িত্ব ও কর্তব্য সার্বিক ভাবে পালন করতে পারে না
- কাকে নির্বাচিত করলে দেশের মঙ্গল হতে পারে তা নির্ধারণ করতে অক্ষম হয়ে পড়ে।
- মূল্যবোধের অবক্ষয় পরিবার সমাজ ও রাষ্ট্রের মধ্যে সম্পর্ক নষ্ট করে
- মানুষ নিজের আত্মমর্যাদাবোধ হারিয়ে ফেলার ফলে জাতি দিকভ্রান্ত হয়
- মূল্যবোধের অভাবে জবাবদিহিতা ও দায়বদ্ধতার শিক্ষা বঞ্চিত হয় ফলে দুর্নীতি ও অনিয়মের প্রকোপ বেড়ে যায়
- মানুষের নৈতিকতার বিলুপ্তি ঘটে যা সমাজের প্রভূত ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়
- সমাজে অপরাধ বৃদ্ধি পায়। যেমনঃ ইভটিজিং, পর্নোগ্রাফি, মাদকাসক্তি ইত্যাদি
- বিভিন্ন ধর্মের মধ্যে পারস্পরিক বন্ধন শিথিল হয়ে পড়ে

# সুশাসনের অভাবজনিত ফল

- সামাজিক প্রতিষ্ঠান সংগঠন অসম্ভব হয়ে দাঁড়ায়
- সন্তান-সন্ততিকে শিক্ষা প্রদান, রুচিবান ও সংস্কৃতিবান করে তোলা সম্ভব হয় না
- সমাজ ও রাষ্ট্রে বিশৃঙ্খলা দেখা দেয় এবং আইনের প্রতিষ্ঠা করা সম্ভব হয়না
- নাগরিক অধিকার ভোগে প্রতিবন্ধকতা তৈরি হয়
- জনগণ স্থানীয় ও জাতীয় পর্যায়ে রাজনৈতিক ও প্রশাসনিক কর্মকান্ডে অংশগ্রহণ করতে পারে না
- রাজনৈতিক স্থিতিশীলতা নষ্ট ও অর্থনৈতিক উন্নয়নে বাধাগ্রস্ত হয় ফলে মানুষের মনোবল ভেঙ্গে যায়

# বিবিধ

# বিবিধ

নীতিবিদ্যার আলোচ্য বিষয় কি ?

A. মানুষের আচরণের মনস্তাত্ত্বিক ব্যাখ্যা প্রদান
B. মানুষের জীবনের সফলতার দিকগুলো আলোচনা
C. সমাজে বসবাসকারী মানুষের আচরণ ব্যাখ্যা
D. সমাজে বসবাসকারী মানুষের আচরণের আলোচনা ও মূল্যায়ন

# বিবিধ

মানুষের কোন ক্রিয়া নীতিবিদ্যার আলোচ্য বিষয়?

A. ঐচ্ছিক ক্রিয়া
B. অনৈচ্ছিক ক্রিয়া ইচ্ছা
C. নিরপেক্ষ ক্রিয়া
D. ক ও গ নামক ক্রিয়া

# বিবিধ

আইনের চোখে সব নাগরিক সমান।
বাংলাদেশের সংবিধানের কত নম্বর ধারায় এ নিশ্চয়তা প্রদান করা হয়েছে?

A. ধারা ৭
B. ধারা ৩৭
C. ধারা ২৭
D. ধারা ৪৭

# বিবিধ

‘Power: A New Social Analysis’ গ্রন্থটি কার লেখা?

A. ম্যাকিয়াভেলি
B. হবস
C. লক এছ
D. রাসেল

# বিবিধ

'সুবর্ণ মধ্যক' হলো

A. গাণিতিক মধ্যমান
B. দুটি চরমপন্থার মধ্যবর্তী পন্থা
C. সম্ভাব্য সব ধরনের কাজের মধ্যমান
D. একটি দার্শনিক সম্প্রদায়েরর নাম

# বিবিধ

সিনের পথে অন্তরায়

A. আইনের শাসন
B. জবাবদিহিতা
C. স্বজনপ্রীতির
D. ন্যায়পরায়ণতা

# বিবিধ

একজন যোগ্য প্রশাসক ও ব্যবস্থাপকের অত্যাবশকীয় মৌলিক গুণাবলীর মধ্যে শ্রেষ্ঠ গুণ কোনটি ?

A. দায়িত্বশীলতা
B. নৈতিকতা
C. দক্ষতা
D. সরলতা

# বিবিধ

একজন যোগ্য প্রশাসক ও ব্যবস্থাপকের অত্যাবশকীয় মৌলিক গুণাবলীর মধ্যে শ্রেষ্ঠ গুণ কোনটি?

A. দায়িত্বশীলতা
B. নৈতিকতা
C. দক্ষতা
D. সরলতা

ব্যাখ্যা: নৈতিকতা একটি ব্যাপক ধারণা, যা মানুষের বাহ্যিক আচরণের পাশাপাশি মানব চিন্তাকেও নিয়ন্ত্রণ করে। অন্যদিকে দায়িত্বশীলতা, দক্ষতা, সরলতা, কর্তব্যপরায়নতা, ন্যায়নিষ্ঠা প্রভৃতি নৈতিকতা থেকেই উদ্ভূত হয়।

# বিবিধ

সরকারি সিদ্ধান্ত প্রণয়নে কোন মূল্যবোধটি গুরুত্বপূর্ণ নয়?

A. বিশ্বস্ততা
B. সৃজনশীলতা
C. নিরপেক্ষতা
D. জবাবদিহিতা

ব্যাখ্যা: সরকারি সিদ্ধান্ত প্রণয়নে সুশাসন প্রতিষ্ঠায় প্রশাসনের বিশ্বস্ততা, নিরপেক্ষতা ও জবাবদিহিতা গুরুত্বপূর্ণ বিষয়। এক্ষেত্রে সৃজনশীলতা গুরুত্বপূর্ণ নয়।

# বিবিধ

কোনটি ন্যায়পরায়ণতার নৈতিক মূলনীতি নয়?

A. পুরস্কার ও শক্তির ক্ষেত্রে সমতার নীতি প্রয়োগ
B. আইনের শাসন
**C. সুশাসনের জন্য উচ্চ শিক্ষিত কর্মকর্তা নিয়োগ**
D. অধিকার ও সুযোগের ক্ষেত্রে সমতা নিশ্চিতকরণ

**ব্যাখ্যা:** আইনের দৃষ্টিতে সমাজে বসবাসরত সকল মানুষ সমান এটিই ন্যায়পরায়ণতার মূলনীতি। এ দৃষ্টিকোণ থেকে প্রশ্নে প্রদত্ত অপশনগুলোর মধ্যে **'সুশাসনের জন্য উচ্চ শিক্ষিত কর্মকর্তা নিয়োগ'** ন্যায়পরায়ণতার মূলনীতি নয়। অন্য অপশনগুলো ন্যায়পরায়ণতার নৈতিক মূলনীতির সাথে সম্পর্কিত।

# বিবিধ

সরকারি চাকরিতে সততার মাপকাঠি কি ?

A. যথা সময়ে অফিসে আগমন ও অফিস ত্যাগ করা
B. দাপ্তরিক কাজে কোনো অবৈধ সুবিধা গ্রহণ না করা
C. নির্মোহ ও নিরপেক্ষ ভাবে অর্পিত দায়িত্ব যথাবিধি সম্পন্ন করা
D. উর্ধ্বতন কর্তৃপক্ষের যে কোনো নির্দেশ প্রতিপালন করা

ব্যাখ্যা: সরকারি চাকরিতে নিয়োজিত প্রজাতন্ত্রের কর্মচারীরা সবসময় নিষ্ঠার সাথে জনগণের সেবায় সচেষ্ট থাকেন। আর তাদের সততার মাপকাঠি হচ্ছে নির্মোহ ও নিরপেক্ষ ভাবে অর্পিত দায়িত্ব যথাবিধি সম্পন্ন করা।

# বিবিধ

গোল্ডেন মিন (Golden Mean) হলো-

A. সমস্ত সম্ভাব্য কর্মের গড়
B. দুটি চরম পন্থার মধ্যবর্তী অবস্থা
C. ত্রিভুজের দুটি বাহুর ভূ-কেন্দ্রিক সম্পর্ক
D. একটি প্রাচীন দার্শনিক ধারার নাম

ব্যাখ্যা: গোল্ডেন মিন (Golden Mean) বা সুবর্ণ মধ্যক একটি দার্শনিক পরিশব্দ, যার মাধ্যমে গ্রিক দার্শনিক এরিস্টটল দুটি চরমপন্থার মধ্যবর্তী অবস্থাকে বুঝিয়েছেন । যেমন একদিকে সম্পদের প্রাচুর্য এবং অন্যদিকে খুবই অভাব, এ দুটি অবস্থার মাঝামাঝি অবস্থাই হলো "গোল্ডেন মিন"।

# বিবিধ

শূন্যবাদ যে ল্যাটিন শব্দ থেকে উদ্ভূত তার অর্থ -

A. সব
B. কিছুই না
C. সর্বজনীন
D. কিছু

ব্যাখ্যা: বাংলা শূন্যবাদ বা শূন্যতাবাদ ল্যাটিন শব্দ nihil থেকে এসেছে, যার অর্থ nothing বা কিছুই না । শূন্যবাদ মূলত একটি সংশয়বাদী দার্শনিক মতবাদ যেখানে সবকিছুই শূন্য এবং শূন্য থেকেই সবকিছুর সৃষ্টি বলে মনে হয়।
শূন্যবাদের ইংরেজি - Nihilism.

# বিবিধ

নিচের কোনটি সংস্কৃতির উপাদান নয়?

A. আইন
B. প্রতীক
C. ভাষা
D. মূল্যবোধ

ব্যাখ্যা: আইন সংস্কৃতির উপাদান নয়। কেননা পৃথিবীতে সর্বজনীন সংস্কৃতি বলে কিছু নেই । এক সমাজ ও রাষ্ট্রে যা সংস্কৃতি অন্য সমাজ ও রাষ্ট্রে তা অপ-সংস্কৃতি। এরপরেও সংস্কৃতির সাধারণ উপাদান আছে, যা সকল দেশে একই । যেমন- প্রতীক, ভাষা, আদর্শ, মূল্যবোধ, বিশ্বাস, প্রথা, শিল্পকলা ইত্যাদি। তবে সংস্কৃতির উপাদান হিসেবে সমাজতাত্ত্বিক ও নৃবিজ্ঞানীদের মধ্যে মতপার্থক্য বিদ্যমান তাদের কেউ আইনকে গ্রহণ করেছেন আবার কেউ তা বর্জন করেছেন।

# বিবিধ

জেরেমি বেন্থাম কোন দেশের অধিবাসী ছিলেন?

A. জার্মানি
B. ফ্রান্স
C. মার্কিন যুক্তরাষ্ট্র
D. যুক্তরাজ্য

ব্যাখ্যা: জেরেমি বেন্থাম (১৭৪৮-১৮৩২) যুক্তরাজ্যের অধিবাসী ছিলেন। তিনি ছিলেন একাধারে দার্শনিক, বিচারক এবং সমাজ সংস্কারক। তিনি উপযোগবাদ বা Utilitarianism তত্ত্বের প্রবক্তা ছিলেন।

# ধন্যবাদ